# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**15 MAY 2026** **7:45—7:55 PM**

---

(১) প্রবীন বিজেপি নেতা চন্দ্রমোহন পাটোয়ারীর আসাম বিধানসভার অস্থায়ী অধ্যক্ষ হিসেবে শপথগ্রহণ ।

(২) ৩০ শে মের পূর্বে নিম্ন ও উচ্চ প্রাথমিক বিদ্যালয়ে শূণ্য থাকা শিক্ষক পদের তথ্য দাখিল করতে প্রাথমিক শিক্ষা সঞ্চালকালয়ের নির্দেশ ।

(৩) জাতীয় পরীক্ষণ সংস্থা ( এন টি এ )র আগামী ২১ শে জুন চিকিৎসা বিজ্ঞানের পাঠ্যক্রমে নামভর্তির জাতীয় যোগ্যতা নিরুপণ তথা প্রবেশ পরীক্ষা (নিট) পুনরায় অনুষ্ঠিত করার কথা ঘোষনা ।

এবং

(৪) গতরাত থেকে ক্রমাগত বৃষ্টিপাতের ফলে বরাক উপত্যকার বিভিন্ন অঞ্চল জলমগ্ন হওয়া সহ রেল, সড়ক যোগাযোগ ব্যাহত।

---

প্রবীন বিজেপি নেতা তথা নবনির্বাচিত বিধায়ক চন্দ্রমোহন পাটোয়ারী আজ আসাম বিধানসভার অস্থায়ী অধ্যক্ষ হিসেবে শপথগ্রহণ করেন । রাজ্যপাল লক্ষণপ্রসাদ আচার্য লোকভবনে আয়োজিত এক অনুষ্ঠানে শ্রী পাটোয়ারীকে শপথবাক্য পাঠ করান । রাজ্যপাল গতকাল বিধায়ক চন্দ্রমোহন পাটোয়ারীকে ষোড়শ আসাম বিধানসভার অস্থায়ী অধ্যক্ষ হিসেবে নিযুক্তি দেন । স্থায়ী অধ্যক্ষ নির্বাচিত না হওয়া পর্যন্ত অস্থায়ী অধ্যক্ষ সভার কাজকর্ম পরিচালনা করবেন । উল্লেখ্য আগামী ২১ শে মে আরম্ভ হওয়া ষোড়শ আসাম বিধানসভার প্রথম অধিবেশনের প্রথম দিন অস্থায়ী অধ্যক্ষ নবনির্বাচিত বিধায়কদের পদ ও গোপনীয়তার শপথবাক্য পাঠ করাবেন । এরপর বিধানসভার নতুন

অধ্যক্ষ নির্বাচন করা হবে । শাসক বিজেপি দল বিধানসভার পরবর্তী অধ্যক্ষ হিসেবে ভবানীপুর-সরভোগ বিধানসভা কেন্দ্রের বিধায়ক রঞ্জিত দাসকে মনোনীত করেছে ।

---

পেট্রোল ডিজেলের ব্যয় কর্তন করতে প্রদানমন্ত্রী নরেন্দ্র মোদীর জানানো আহ্বানের প্রতি সাড়া দিয়ে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা তাঁর কনভয়ের বাহনের সংখ্যা হ্রাস করেছেন । পশ্চিম এশিয়ার সাম্প্রতিক পরিস্থিতির পরিপ্রেক্ষিতে বিশ্বজুড়ে সৃষ্টি হওয়া তেল ও রান্নার গ্যাসের সংকটের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সহ বেশকয়েকজন কেন্দ্রীয় মন্ত্রী এবং অন্যান্য রাজ্যের মূখ্যমন্ত্রীদের তাঁদের কনভয়ের বাহনের সংখ্যা হ্রাস করেছেন । মূখ্যমন্ত্রী ড.শর্মা প্রধানমন্ত্রীর আহ্বানের প্রতি সাড়া দিয়ে জানান ।

বাইট

এদিকে তেল কোম্পানীসমূহ পেট্রোল ও ডিজেলের প্রতি লিটারে তিন টাকা করে মূল্য বৃদ্ধি করেছে ।

---

রাজ্য সরকারের প্রাথমিক শিক্ষা সঞ্চালকালয় পুনরায় শিক্ষক নিযুক্তি প্রক্রিয়া আরম্ভ করার জন্য তৎপরতা চালাচ্ছে । সে অনুসারে প্রাথমিক শিক্ষা সঞ্চালকালয় সব জেলার জেলা প্রাথমিক শিক্ষা আধিকারিদের পত্র প্রেরণ করে নিম্ন ও উচ্চ প্রাথমিক বিদ্যালয়ে শূণ্য থাকা শিক্ষক পদের তথ্য দাখিল করার নির্দেশ দিয়েছে । আগামী ৩০ শে মে বা এর পূর্বে শূণ্য শিক্ষক পদের তথ্যসমূহ নির্দিষ্ট পোর্টেলে দাখিল করতে বলা হয়েছে । উল্লেখ্য প্রাথমিক শিক্ষা সঞ্চালকালয়ের অধীনে ২০২৫ সালে ৫ হাজার ৫৫০ টি এবং ২০২৬ সালে ৪ হাজার ৫০০ টি প্রাথমিক শিক্ষক পদের নিযুক্তি প্রক্রিয়া সম্পূর্ন করা হয়েছিলো । প্রাথমিক শিক্ষা সঞ্চালক সুরঞ্জনা সেনাপতি রাজ্যের সব জেলার জেলা প্রাথমিক শিক্ষা আধিকারিকদের এ উদ্দেশ্যে পত্র প্রেরণ করেছেন ।

---

জাতীয় পরীক্ষণ সংস্থা ( এন টি এ )আগামী ২১ শে জুন চিকিৎসা বিজ্ঞানের পাঠ্যক্রমে নামভর্তির জাতীয় যোগ্যতা নিরুপণ তথা প্রবেশ পরীক্ষা (নিট) পুনরায় অনুষ্ঠিত করার কথা ঘোষনা করেছে । সংস্থাটি পরীক্ষার্থীদের কেবল এন টি এ দ্বারা প্রকাশিত তথ্যের ওপরই নির্ভর করার আহ্বান জানিয়েছে । এরপূর্বে গত তেসরা মে প্রশ্নপত্র ফাঁস হবার জন্য নিট বাতিল করা হয়েছিলো ।

নিটের প্রস্তুতির পর্যালোচনা চালানোর উদ্দেশ্যে গতকাল কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধমেন্দ্র প্রধানের বাসগৃহে উচ্চ পর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হয় । বৈঠকে পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠিত

করার বিভিন্ন দিক সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয় । বৈঠকে উচ্চ শিক্ষা বিভাগের সচিব ,বিদ্যালয় শিক্ষা বিভাগের সচিব ,জাতীয় পরীক্ষণ সংস্থার সঞ্চালক প্রধান , সি বি এস ইর অধ্যক্ষ ও কেন্দ্রীয় বিদ্যালয় সংগঠন এবং নবোদয় বিদ্যালয়ের আয়ুক্ত সহ অন্য প্রবীণ আধিকারিকরা উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

গৌহাটী হাইকোর্ট জুবিন গার্গের মৃত্যুর মামলায় অন্যতম অভিযুক্ত শ্যামকানু মহন্তের জামিন আবেদনের ভিত্তিতে আগামী ২২ শে মে মামলার কেস ডায়েরী দাখিল করতে আসাম সরকারকে নির্দেশ দিয়েছে । অভিযুক্ত পক্ষ ও সরকারী পক্ষের যুক্তি শোনার পর বিচারপতি মিতালী বরঠাকুরিয়ার বিচারপীঠ ২২ শে মে জামিন আবেদনটির পরবর্তী শুনানীর দিন ধার্য করেছে । সেই দিনই সরকারী পক্ষে মামলার কেস ডায়েরী দাখিল করতে হবে । আজ জামিনের শুনানীতে কোলকাতা থেকে ভার্চুয়েল ব্যাবস্থার মাধ্যমে অধিবক্তা রাজদীপ ব্যানার্জী অভিযুক্ত শ্যামকানু মহন্তের জামিনের সপক্ষে যুক্তি তুলে ধরেন এবং সরকারী পক্ষের হয়ে মহাধিবক্তা দেবজিত শইকিয়া অংশ নেন । শ্যামকানু মহন্তের আইনজীবী  জামিন আবেদনটির ভিত্তিতে বেশকয়েকটি আনুসঙ্গিক নথিপত্র শপথনামা আকারে দাখিল করতে আদালত থেকে অনুমতি চান । সে অনুসারে আদালত আগামী ১৮ মে অর্থাৎ সোমবার শপথনামা দাখিল করতে আইনজীবিকে অনুমতি দেয় । আজ আদালতে অনুষ্ঠিত এই শুনানীতে জুবিন গার্গের রহস্যজনক মৃত্যুর মামলার বিশেষ লোক অধিবক্তা জিয়াউর কামার সহ গরিমা শইকিয়া গার্গের হয়ে প্রতিনিধিত্ব করা আইনজীবিরাও উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

বরাক উপত্যকার তিন জেলায় গতরাত থেকে অবিরাম বৃষ্টিপাতের ফলে বিভিন্ন প্রান্তে বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়েছে ।

কাছাড় জেলায় আজ  অবিরাম বৃষ্টির ফলে শিলচর শহরের বেখ কয়েকটি স্থানে কৃত্রিম বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়েছে । শহরের কয়েকটি সড়ক এবং আবাসিক এলাকায় জল প্রবেশ করার ফলে জনসাধারন ব্যাপক সমস্যার সম্মুখিন হয়েছেন । শিলচর শহরের লিংক রোড , সোনাই রোড , শিলংপট্টি , অম্বিকাপট্টি , চার্চ রোড , বিবেকানন্দ রোড , ন্যাশনেল হাইওয়ে পয়েন্ট সহ শহরের অন্যান্য স্থানে কৃত্রিম বন্যার ফলে যানবাহন চলাচলের ক্ষেত্রে অসুবিধার সৃষ্টি হয়েছে । শহরের নিষ্কাশন ব্যবস্থার অভাবের কারনে এই জনর্দূভোগ বলে নাগরিকরা ক্ষোভ প্রকাশ করেছেন ।

এদিকে শিলচর পৌর নিগম ও রাজ্যের জল সম্পদ বিভাগের যৌথ উদ্যোগে লংগাই খাল , ন্যাশনেল হাইওয়ে রোড ও সোনাই রোড এলাকায় নালা পরিষ্কারের কাজ শুরু হয়েছে বলে আমাদের শিলচরের সংবাদদাতা জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------

এদিকে  অবিরাম বৃষ্টিপাতের ফলে জেলার কাটিগড়া এবং বদরপুর অঞ্চলেও ভায়বহ কৃত্রিম বন্যা পরিস্থিতি দেখা দিয়েছে । বিশেষ করে কাটিগড়া চৌরঙ্গী এলাকার বিস্তৃর্ন অঞ্চল এবং বানিজ্যিক প্রতিষ্ঠানে জলে প্রবেশ করায় হাজার হাজার নাগরিক সংকটে পড়েছেন । দীর্ঘদিন থেকে জল নিষ্কাশন ব্যবস্থার অভাবে অল্প বৃষ্টিতেই জল জমে যাচ্ছে বলে স্থানীয় জনজনসাধারণ ক্ষোভ ব্যাক্ত করেছেন । পরে কাটিগড়ার বিধায়ক কমলাক্ষ্য দে পুরকায়স্থ ঘটনাস্থলে উপস্থিত হয়ে জল নিষ্কাশনের ব্যবস্থা করেন ।

---------------------------------------------------------------------------------

কাছাড় জেলার পূর্ত বিভাগের কাটিগড়া সড়ক ডিভিশনের পক্ষ থেকে জানানো হয়েছে যে কাটিগড়া এলাকার একটি সড়কে ধ্বস নামার ফলে যান চলাচল বন্ধ রয়েছে । পূর্ত বিভাগের পক্ষ থেকে যুদ্ধকালীন তৎপরতায় সড়কের ধ্বস সারানোর কাজ চলছে ।

---------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলায় টানা বর্ষনের ফলে শ্রীভূমি শহর সহ বিস্তৃর্ন এলাকায় কৃত্রিম বন্যার সৃষ্টি হয়েছে । শ্রীভূমি শহরের বিভিন্ন সড়ক , বাজার সহ আবাসিক এলাকায় হাটু সমান জল জমায় সাধারন জনগন চরম দূর্ভোগে পড়েছেন ।
এদিকে শ্রীভুমি শহরের থানা রোড এলাকায় বিদুৎ পরিবাহী তার ছিড়ে পড়ায় সাদারাশির রামনগর এলাকার বাসিন্দা মনোতোষ দাসের ঘটনাস্থলেই মৃত্যু হয় । ঘটনার খবর পেয়ে বিধায়ক জাকারিয়া আহমেদ প্রয়াতের শেষকৃত্যে অংশ নেন এবং আগামী দিনে পরিবারের পাশে থাকার আশ্বাস দিয়েছেন ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায় গতকাল রাত থেকে টানা বৃষ্টির জেরে আজ স্বাভাবিক জনজীবন ব্যহত হয়েছে । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে জেলার পাঁচগ্রাম থেকে মোকামকুটির যাওয়ার পথে সড়কে থাকা একটি আর সি সি সেতুর একাংশ ভেঙ্গে পড়ায় যোগাযোগ ব্যবস্থা সম্পূর্ন বিচ্ছিন্ন হয়ে পড়েছে ।

এদিকে হাইলাকান্দি জেলার পাঁচগ্রাম থানার অর্ন্তগত সিদ্ধেশ্বর এলাকায় রেল লাইনের উপর ভয়াবহ ভূমিধসের ফলে বরাক উপত্যকার রেল যোগাযোগ ব্যবস্থা ব্যহত হয়েছে ।  এরফলে বিভিন্ন স্টেশনে বহু যাত্রী আটকে পড়েছেন বলে জানা গেছে । রেল

বিভাগের পক্ষ থেকে ঘঠনাস্থলে পৌছে ধ্বস সারাইয়ের কাজ শুরু করা হয়েছে । জেলা প্রশাসন থেকে জনসাধারনকে সর্তক থাকতে অনুরোধ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

এস ইউ সি আই (কমিউনিষ্ট) দলের কাছাড় জেলা কমিটির পক্ষ থেকে একদিনের বৃষ্টিতে শিলচর শহর সহ কাছাড় জেলার কৃত্রিম বন্যা পরিস্থিতির জন্য গভীর উদ্বেগ প্রকাশ করা হয়েছে । দলের পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে যে সামান্য বৃষ্টিতে সাধারন মানুষের ঘরবাড়ি , দোকান পাট এবং রাস্তাঘাট জলের নীচে তলিয়ে যাওয়ায় নাগরিক জীবন বিপর্যস্ত হয়ে পড়েছে । দলের পক্ষ থেকে প্রশাসনকে অবিলম্বে জল নিকাশি ব্যবস্থার স্থায়ী সমাধান করতে দাবী জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------